সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন
SECURITIES AND EXCHANGE COMMISSION
JIBAN BIMA TOWER (14,15,16 & 20 FlOOR), 10 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH

সূত্র নং- এসইসি/মুখপাত্র/২০১১/৫৬৬

তারিখঃ ২০/১১/২০১২ইং

# প্রেস বিজ্ঞপ্তি

৪৫৬ তম কমিশন সভা অদ্য ২০/১১/২০১২ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ

১. NBL Securities Ltd. এর বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ প্রসংগে তাদের দাখিলকৃত তদন্ত রিপোর্টের ভিত্তিতে ডিএসই'র প্রেরিত ইনভেস্টিগেশন রিপোর্টের উপর কমিশনের এনফোর্সমেন্ট বিভাগের পেশকৃত কার্যপত্রের বিষয়ে আলোচনা হয় এবং বিষয়টি অধিকতর তদন্ত করার জন্য কমিশনের দুইজন কর্মকর্তার সমন্বয়ে তদন্ত কমিটি গঠনের সিদ্ধান্ত আজকের সভায় গৃহীত হয়। উল্লেখ্য কমিটি এক মাসের মধ্যে কমিশনের নিকট প্রতিবেদন দাখিল করবেন মর্মে সভায় নির্দেশনা দেয়া হয়।

২. কমিশন, Bangla Process Industries Limited (issuer) এর জুন ৩০, ২০১১ইং বৎসরে সমাপ্ত বছরের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতার জন্য উক্ত কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক এবং প্রত্যেক পরিচালককে ১ লক্ষ টাকা হারে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৩. কমিশণ, Mita Textiles Limited (issuer) এর জুন ৩০, ২০১১ইং বৎসরে সমাপ্ত বছরের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতার জন্য উক্ত কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক এবং প্রত্যেক পরিচালককে ১ লক্ষ টাকা হারে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৪. সভায় Baizid Steel Industries Limited কে ৩ কোটি সাধারণ শেয়ার (প্রতিটি ১০ টাকা মূল্যমানের) ইস্যুর মাধ্যমে ৩০ কোটি টাকা মূলধন উত্তোলনের (Capital Raising) প্রস্তাবে অনুমোদন দেয়া হয়েছে। এর মাধ্যমে কোম্পানীটির পরিশোধিত মূলধন ১০ কোটি টাকা থেকে ৪০ কোটি টাকায় উন্নীত হবে।

৫. সভায় Kores (Bangladesh) Limited কে ১.৩০ কোটি Redeemable Cumulative Preference Share (প্রতিটি ১০ টাকা মূল্যমানের) ইস্যুর মাধ্যমে টাঃ ১৩ কোটি টাকা মূলধন উত্তোলনের (Capital Raising) প্রস্তাবে অনুমোদন দেয়া হয়েছে। এর মাধ্যমে কোম্পানীটির পরিশোধিত মূলধন ১০ কোটি টাকা থেকে ২৩ কোটি টাকায় উন্নীত হবে।

৬. সভায় Popular Pharmaceuticals Limited কে ৬৪,৬১,৮৩০ টি সাধারণ শেয়ার (প্রতিটি ১০০ টাকা মূল্যমানের) ইস্যুর মাধ্যমে ৬৪,৬১,৮৩,০০০ টাকা মূলধন উত্তোলনের (Capital Raising) প্রস্তাবে অনুমোদন দেয়া হয়েছে। এর মাধ্যমে কোম্পানীটির পরিশোধিত মূলধন ৫৫,১০,০০,০০০ টাকা থেকে ১১৯,৭১,৮৩,০০০ টাকায় উন্নীত হবে।

৭. সভায় Sk. Akijuddin Limited এর ১০০ কোটি টাকার Subordinated non-convertible unsecured Bond ইস্যুর প্রস্তাব অনুমোদন করেছে। এর বৈশিষ্ট্য হচ্ছে, Un-secured, Non convertable, Subordinated Short Term Bond (STB), yield to maturity ১২ শতাংশ। বন্ডটি ০২ বছরে Full Redemption হবে, ব্যাংক এবং নন ব্যাংকিং আর্থিক প্রতিষ্ঠানের বিনিয়োগকারীরাই শুধুমাত্র প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে এই বন্ডটি ক্রয় করতে পারবে। Sk. Akijuddin Limited, Subordinated, non-convertible unsecured Bond এর প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১ কোটি টাকা। এই বন্ডের সোল লিড এ্যারেঞ্জার (Sole Lead Arranger) হিসেবে রেস পোর্টফোলিও এন্ড ইস্যু ম্যানেজমেন্ট লিঃ কাজ করছে।



PABX : 880 (2) 956 8101, 956 8102, 956 1525, Fax: 880 (2) 9563721, 7176604, E-mail : secbd@bdmail.net, Website : http / / :www.secbd.org

৮. অনিবাসীগণের (Non-Resident) সরাসরি বিনিয়োগের সুযোগ তৈরি করতে Bangladesh Fund এর প্রসপেক্টাসের ১৫নং পৃষ্ঠার ৫.৩ অনুচ্ছেদ Other Individuals Category -তে অনিবাসীদেরকে (Non-Resident) অন্তর্ভুক্ত করার জন্য ICB Asset Management Company Ltd. কর্তৃক আবেদনের প্রস্তাবে কমিশন অনুমোদন প্রদান করেছে। ফলশ্রুতিতে প্রবাসী বাংলাদেশী এবং বিদেশীগণ সরাসরি বাংলাদেশ ফান্ডে Non-Resident Investors Taka Account (NITA) এর মাধ্যমে বিনিয়োগ করতে পারবে এবং বিনিয়োগ প্রত্যাবর্তন (repatriate) করতে পারবে।

৯. কমিশন, MTB Unit Fund এর সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী Alliance Capital Asset Management Ltd. এর আবেদনের প্রেক্ষিতে তাদের চাঁদা গ্রহণের সময়সীমা সর্বশেষ চাঁদা গ্রহণের তারিখ হতে আগামী ৩১ জানুয়ারী ২০১৩ পর্যন্ত বৃদ্ধি করার প্রস্তাবে অনুমোদন প্রদান করেছে।

১০. আজকের সভায় Securities and Exchange Commission (Rights Issue) Rules, 2006 এর সংশোধনীর জন্য কমিশনের নিম্নেউল্লিখিত ০২ জন কর্মকর্তার সমন্বয়ে একটি কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

ক) জনাব কামরুল আনাম খান, পরিচালক, এসইসি এবং
খ) জনাব প্রদীপ কুমার বসাক, পরিচালক, এসইসি।

উল্লেখ্য কমিটি এক মাসের মধ্যে কমিশনের নিকট সুপারিশ দাখিল করবেন মর্মেও সভায় নির্দেশনা দেয়া হয়।

১১. আজকের সভায় Securities and Exchange Commission (Public Issue) Rules, 2006 এর সংশোধনীর জন্য কমিশনের নিম্নেউল্লিখিত ০২ জন কর্মকর্তার সমন্বয়ে একটি কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

ক) জনাব এম, হাছান মাহমুদ, নির্বাহী পরিচালক, এসইসি এবং
খ) জনাব মোহাম্মদ রেজাউল করিম, পরিচালক, এসইসি।

উল্লেখ্য কমিটি এক মাসের মধ্যে কমিশনের নিকট সুপারিশ দাখিল করবেন মর্মেও সভায় নির্দেশনা দেয়া হয়।

১২. আজকের সভায় সম্পদ পুনঃ মূল্যায়ন সংক্রান্ত গাইডলাইন তৈরীর জন্য কমিশনের নিম্নেউল্লিখিত ০২ জন কর্মকর্তার সমন্বয়ে একটি কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

ক) জনাব মাহবুবুল আলম, পরিচালক, এসইসি এবং
খ) জনাব মোঃ আবুল কালাম, পরিচালক, এসইসি।

উল্লেখ্য কমিটি এক মাসের মধ্যে কমিশনের নিকট সুপারিশ দাখিল করবেন মর্মেও সভায় নির্দেশনা দেয়া হয়।

২০/১১/২০১২

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র



PABX : 880 (2) 956 8101, 956 8102, 956 1525, Fax: 880 (2) 9563721, 7176604, E-mail : secbd@bdmail.net, Website : http / / :www.secbd.org